বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৩৬

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপন সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন, কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৃক্ষরোপন কার্যক্রম শুরু করা প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয় হতে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অফিস প্রাঙ্গন, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ ছাড়াও স্ব-স্ব অধিক্ষেত্রের বাঁধ, পুনরুদ্ধারকৃত ভূমি ও অন্য ফাঁকা জায়গাগুলোতে চলমান বর্ষা মৌসুমে ২০.০০ লক্ষ বৃক্ষরোপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয় হতে বৃক্ষরোপন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে গাছ রোপনের পরিকল্পনা প্রণয়ন ও রোপিত গাছের সঠিক পরিচর্যার জন্য ০৮ (আট)টি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে জোন/প্রকল্পওয়ারী পরিকল্পনাধীন চারার সংখ্যা সংখ্যা সম্বলিত প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-১)। গত ০৪.০৭.২০২২খ্রিঃ পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় সিনিয়র সচিব, পাসম মহোদয় আগামী ১৪.০৭.২০২২খ্রিঃ একযোগে সারা বাংলাদেশে বাপাউবো'র মাধ্যমে বৃক্ষরোপন কার্যক্রম উদ্বোধন করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে প্রতিটি জেলার বৃক্ষরোপন কার্যক্রম তদারকির জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে কর্মকর্তাগণকে এলাকাভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়েছে (সংযুক্তি-২)।

এমতাবস্থায়, আপনার জোনের আওতাধীন পওর/পানি উন্নয়ন বিভাগসমূহে দায়িত্বরত নির্বাহী প্রকৌশলীগণকে বৃক্ষরোপনের জন্য চারা সংগ্রহ, স্থান নির্দ্ধারণ, কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ঐ জেলায় পানি সম্পদ মন্ত্রণালয় হতে নিযুক্ত কর্মকর্তার সহিত যোগাযোগ করে কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১৪.০৭.২০২২খ্রিঃ বৃক্ষরোপন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে শুরু করার সার্বিক প্রস্তুতি গ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় নির্দেশক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৬-৭-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০

বিতরণ :

১) প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
২) প্রকল্প পরিচালক (সকল) , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা।
৪) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।

ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৩৬/১(৬)

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬-৭-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

# জোনওয়ারী বৃক্ষ রোপনের জন্য পরিকল্পনাধীন চারার সংখ্যার সারসংক্ষেপ

প্রতিবেদনের তারিখ : ৩০-০৬-২০২২

| জোন / প্রকল্পের নাম | ফলজ চারার সংখ্যা (টি) | বনজ চারার সংখ্যা(টি) | ঔষধি চারার সংখ্যা(টি) | অন্যান্য চারার সংখ্যা(টি) | জোন হতে দাখিলকৃত তথ্যে পরিকল্পনাধীন চারার সংখ্যা (টি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা | ২০০০০ | ৩০০০০ | ১৫০০০ | ৫০০০ | ৭০০০০ | পানি সম্পদ মন্ত্রণালয় হতে এ বছর বর্ষা মৌসুমে ২০.০০ লক্ষ বৃক্ষরোপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এলক্ষ্যে মাঠ দপ্তরসমূহে চারাসংগ্রহসহ বৃক্ষরোপনের আনুসাঙ্গিক কার্যক্রম চলমান রয়েছে। জুলাই/২০২২ হতে নভেম্বর/২০২২ এর মধ্যে বৃক্ষরোপন কার্যক্রম সম্পন্ন করা হবে। |
| দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল | ২০০০০ | ৩৫০০০ | ১৫০০০ | ৫০০০ | ৭৫০০০ | |
| দক্ষিণ-পশ্চিমাঞ্চল বাপাউবো, খুলনা | ৬৯৫০ | ৬২২৫০ | ২৫১০ | ৩২৯০ | ৭৫০০০ | |
| কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা | ২০০০০ | ৩০০০০ | ১০০০০ | ৫০০০ | ৬৫০০০ | |
| পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর | ২৫০০০ | ৩৫০০০ | ১০০০০ | ৫০০০ | ৭৫০০০ | |
| উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | ৫০০০০ | ৭০০০০ | ১৫০০০ | ১০০০০ | ১৪৫০০০ | |
| উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট | ৫০০০ | ১০০০০ | ৩৫০০ | ১৫০০ | ২০০০০ | |
| দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম | ৩০০০০০ | ৫০০০০০ | ৪০০০০ | ৯০০০ | ৮৪৯০০০ | |
| উত্তর পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী | ২৫০০০ | ৩৫০০০ | ১০০০০ | ৫০০০ | ৭৫০০০ | |
| Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) | ১০০০০০ | ৩০০০০০ | ৬০০০০ | ২১০০০ | ৪৮১০০০ | |
| South-West Integrated Water Resources Planning & Management Project (Phase-2) | ২৫০০ | ১৮৭৫০ | ২৫০০ | ১২৫০ | ২৫০০০ | |
| হাওর এলাকার বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প (বাপাউবো অংশ) | ০ | ২৫০০০ | ০ | ০ | ২৫০০০ | |
| যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর | ২৫০০ | ৫০০০ | ১৫০০ | ১০০০ | ১০০০০ | |
| ড্রেজার পরিদপ্তর, নারায়নগঞ্জ/খুলনা। | ২৫০০ | ৫০০০ | ১৫০০ | ১০০০ | ১০০০০ | |
| **বাপাউবো সর্বমোট** | **৫৭৯৪৫০** | **১১৬১০০০** | **১৮৬৫১০** | **৭৩০৪০** | **২০০০০০০** | |

কপি, একান্ত সচিব স্যার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩২.২৯.০৩১.১৮-২০৬

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ / ০৬ জুলাই ২০২২

বিষয়: উন্নয়ন কার্যক্রম তত্ত্বাবধানের জন্য জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ তত্ত্বাবধান ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সহিত পানি সম্পদ মন্ত্রণালয়ের তাৎক্ষণিক যোগাযোগ স্থাপনের মাধ্যমে দ্রুত ও কার্যকর সাড়া প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত জেলাসমূহের জন্য জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হলো:

| ক্রমিক | জেলাভিত্তিক দায়িত্বপ্রাপ্ত পদবী ও দপ্তর/শাখা | দায়িত্বপ্রাপ্ত জেলা |
|---|---|---|
| ১ | জনাব মিজানুর রহমান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) | বরিশাল, ঝালকাঠি, বরগুনা |
| ২ | জনাব সৈয়দা সালমা জাফরীন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | কুমিল্লা, চাঁদপুর, বাহ্মণবাড়িয়া |
| ৩ | জনাব এস. এম. রেজাউল মোস্তফা কামাল<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা) | জয়পুরহাট, নাটোর, নওগাঁ |
| ৪ | জনাব মোঃ আজাদুর রহমান মল্লিক<br>যুগ্মসচিব (প্রশাসন) | পাবনা, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ |
| ৫ | জনাব মোহাম্মদ মুসা<br>যুগ্মসচিব (বাজেট অধিশাখা) | শেরপুর, নেত্রকোনা, ময়মনসিংহ |
| ৬ | জনাব মোহাম্মদ লুৎফুর রহমান, পিএএ<br>যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা) | গাজীপুর, জামালপুর, টাঙ্গাইল |
| ৭ | জনাব আবদুল্লাহ আল আরিফ<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১ শাখা) | সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার |
| ৮ | জনাব দীপান্বিতা সাহা<br>উপসচিব (পরিকল্পনা-১ অধিশাখা) | হবিগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ |
| ৯ | জনাব এ এইচ এম আনোয়ার পাশা<br>উপসচিব (পরিকল্পনা-২ অধিশাখা) | দিনাজপুর, ঠাকুরগাঁও, নীলফামারী, |
| ১০ | জনাব শাহীন আক্তার<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা) | চট্টগ্রাম, কক্সবাজার |
| ১১ | জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম<br>উপসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ) | রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান |
| ১২ | জনাব মোহাম্মদ মাশহুদুল কবীর<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৪ শাখা) | বগুড়া, লালমনিরহাট, কুড়িগ্রাম |
| ১৩ | জনাব নাসরিন আলম সাথী<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৫ শাখা) | চুয়াডাঙ্গা, মেহেরপুর |
| ১৪ | জনাব নাজমুল ইসলাম ভূইয়া<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩ শাখা) | কুষ্টিয়া, মাগুরা, ঝিনাইদহ |
| ১৫ | জনাব মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৩ শাখা) | রাজবাড়ী, ফরিদপুর, নড়াইল |
| ১৬ | জনাব খায়রুন নাহার<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২ শাখা) | যশোর, বাগেরহাট |
| ১৭ | জনাব এস. এম. সরওয়ার কামাল<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৬ শাখা) | পিরোজপুর, পটুয়াখালী |
| ১৮ | জনাব মোহাঃ শাজাহান আলি<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-২ শাখা) | শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ |
| ১৯ | জনাব মিতু মরিয়ম<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা) | সাতক্ষীরা, খুলনা |
| ২০ | জনাব তানিয়া ফেরদৌস<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১ শাখা) | ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ |
| ২১ | জনাব সুজিত হাওলাদার<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা) | ভোলা, মানিকগঞ্জ |
| ২২ | জনাব খান মোঃ হাসানুজ্জামান<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৫ শাখা) | পঞ্চগড়, গাইবান্ধা, রংপুর |

| | | |
|---|---|---|
| ২৩ | জনাব ফারহানা জাহান উপমা<br>উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন-১ শাখা) | ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, |

**কার্যপরিধি:**

(ক) জেলার পানি ব্যবস্থাপনার সার্বিক তথ্যাবলী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করবেন।

(খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলায় পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ তদারকি করবেন এবং বৃক্ষরোপণ কার্যক্রমে অংশ নিবেন।

(গ) সংশ্লিষ্ট জেলার ভাঙন কবলিত এলাকা পরিদর্শন করবেন।

(ঘ) পরিদর্শনকৃত জেলায় হাওর, জলাভূমি থাকলে পরিদর্শন করে এ সংক্রান্ত তথ্য প্রতিবেদনে উল্লেখ করবেন।

(ঙ) সীমান্তবর্তী জেলাসমূহের নদ নদী পরিদর্শনপূর্বক তথ্যসমূহ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন।

(চ) জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির সাথে মত বিনিময় করবেন এবং উক্ত কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রযোজ্য বিষয়সমূহ কর্তৃপক্ষের দৃষ্টিগোচর করবেন এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন।

(ছ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলার চলমান প্রকল্পসমূহের প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠানের বিষয়টি মনিটরিং করবেন।

(জ) পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ প্রয়োজনে সারা দেশের যে কোন জেলা পরিদর্শন করতে পারবেন।

(ঝ) বাস্তবায়নের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের বাপাউবো'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বাস্তবায়নকালীন যে কোন সমস্যা বা অগ্রগতি বিষয়ে সার্বক্ষণিকভাবে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করবেন।

(ঞ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ বাস্তবায়নাধীন কাজের বিদ্যমান সমস্যা ও জরুরী বিষয়সমূহ কর্তৃপক্ষকে তাৎক্ষনিক অবহিত করবেন।

(ট) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সদ্য সমাপ্তকৃত প্রকল্পসমূহের Impact সম্পর্কে তথ্য সংগ্রহ করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট রিপোর্ট প্রদান করবেন।

(ঠ) জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নতুন এবং চলমান প্রকল্পের Mobilization তদারকি ও পরিদর্শন শেষে পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখায় প্রতিবেদন প্রদান করবেন।

২। এ বিষয়ে গত ১২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত ৪২.০০.০০০০.০৩২.২৯.০৩১.১৮-১০ নম্বর অফিস আদেশটি বাতিল করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৬/৭/২২

শাহীন আক্তার
উপসচিব
ফোন: ৫৫১০০৭০১
ই-মেইল: mowradm2@gmail.com

স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩২.২৯.০৩১.১৮- ২০৬(৩৭)

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
২। ------------------------ (সকল কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা(মাঠ পর্যায়ের সকল কর্মকর্তার অবগতির অনুরোধসহ)।
৪। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৫। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো),৭২ গ্রীন রোড, ঢাকা।
৬। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
৭। সদস্য, যৌথ নদী কমিশন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।
৮। জেলা প্রশাসক, ----------------------------(সকল)।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ------------------------------------- (সকল অঞ্চল)।
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ------------------------------------- (সকল সার্কেল)।
১৩। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ------------------------------------------- (সকল বিভাগ)।
১৪। প্রকল্প পরিচালক, ---------------------------------------------------- (সকল প্রকল্প), বাপাউবো, ঢাকা।
১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।

৬/৭/২২

শাহীন আক্তার
উপসচিব